

* উচ্চ-মাধ্যমিক পরীক্ষায় ২০২০, ২০২১ ও ২০২২ সালে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের অনলাইনে ফর্মফিল-আপ করার সুযোগ থাকবে। ২০২০ সালের পূর্বে উচ্চ-মাধ্যমিক পাশ করা ছাত্র-ছাত্রীরা আবেদন করতে পারবে না। সরকারি নির্দেশ অনুযায়ী যতদিন না ক্লাস শুরু হচ্ছে, ততদিন পর্যন্ত কোন ছাত্র-ছাত্রী বা অভিভাবক ভর্তির জন্য মহাবিদ্যালয়ে আসবেন না। অতিমারির কারণে মহাবিদ্যালয় বন্ধ থাকার নির্দেশ থাকলে ছাত্র-ছাত্রীদের অনলাইন ক্লাস করা বাধ্যতামূলক সে ক্ষেত্রে তার প্রদত্ত হোয়াটসঅ্যাপ নম্বর টি এবং ইমেইলএড্রেসমহাবিদ্যালয় ব্যবহার করবো। কোন কারণে ছাত্র-ছাত্রী অনলাইন ক্লাস করতে না পারলেও তাকে অনলাইন মাধ্যমে পরীক্ষা দিতে হতে পারে সে ক্ষেত্রে তার কোনো অভিযোগ গ্রাহ্য হবে না। ভর্তি সংক্রান্ত কোন সমস্যা থাকলে নিম্নলিখিত হেল্পলাইনে যোগাযোগ করা যাবে। হেল্পলাইন নং : ৯৪৭৫৫৮৫৫১৮, ৯৬১৪৩৮০৯০১, ৯৯৩৩৬১১৭৮৮, ৯০০৭৯৩৩৮০৫, ৭০০১১৩৮৩৯৮, ৭৭৯৭৭১৫২৫১। সকাল 10:00(A.M) থেকে বিকেল 3:00 (P.M) পর্যন্ত হেল্পলাইন এফোন করা যাবে। পেইমেন্ট সংক্রান্ত কোন ভুল হলে 9475585518 এই ফোন নম্বরে হোয়াটসঅ্যাপে নথি প্রদান করতে হবে এবং উত্তরের অপেক্ষা করতে হবে।

* ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্য ও তার সংশোধিত রূপ ছাতনাচণ্ডীদাস মহাবিদ্যালয়ের ওয়েব-সাইট www.ccmvadmission.in, www.ccmv.in অথবা www.ccmahavidyalaya.webnode.com তে পাওয়া যাবে। তবে অনলাইনে ভর্তি প্রক্রিয়াটি সম্পন্ন হবে www.ccmvadmission.in—এই ওয়েব সাইটে।

* বাঁকুড়া বিশ্ববিদ্যালয়ের নির্দেশ অনুযায়ী উচ্চ-মাধ্যমিক পরীক্ষায় ৪৫ শতাংশ নম্বর থাকলে অনার্সে আবেদন করা যাবে।

* ছাতনাচণ্ডীদাস মহাবিদ্যালয়ের ওয়েব-সাইট www.ccmvadmission.in এ আগামি ১৮/০৭/২০২২ থেকে ভর্তি সংক্রান্ত পোর্টাল চালু থাকবে। এই ওয়েব সাইটে ছাত্র-ছাত্রীরা রেজিস্ট্রেশন ফর্মফিল আপ করতে পারবে।

* প্রথম মেধা তালিকা প্রকাশিত হবে ১৬/০৮/২০২২ বিকাল ৪ টায়। মেধা তালিকায় কনফার্মে থাকা ছাত্র-ছাত্রীদের নির্দিষ্ট সময়ের মধ্যে বিষয় নির্বাচন করে অনলাইনে ভর্তির ফি জমা করতে হবে। ভর্তির জন্য নির্দিষ্ট সময় পেরিয়ে গেলে আর ভর্তি হওয়া যাবে না।

* দ্বিতীয় মেধা তালিকা প্রকাশিত হবে ৭ দিন পর। প্রথম ও দ্বিতীয় মেধা তালিকা প্রকাশিত হওয়ার পর প্রতি তিন দিন অন্তর একটি করে মেধা তালিকা প্রকাশিত হবে। তবে মেধা তালিকার জন্য ছাত্র-ছাত্রীদের মহাবিদ্যালয়ের ওয়েব-সাইট www.ccmvadmission.in দেখতে হবে।

* অনার্স কোর্সে ভর্তির ফি ২৬৫০ টাকা এবং পোগ্রাম কোর্সে ভর্তির ফি ২৩০০ টাকা। বিশ্ববিদ্যালয় নির্ধারিত রেজিস্ট্রেশন ফি, এনরোলমেন্ট ফি, স্পোর্টস ফি বা প্রসেসিং ফি এর মধ্যে অন্তর্ভুক্ত করা হয়। বিশ্ববিদ্যালয়ে নাম নথিভুক্ত করার সময় রেজিস্ট্রেশন বা অন্যান্য ফি বিশ্ববিদ্যালয় দ্বারা ধার্য করবে তা পৃথক ভাবে নেওয়া হবে, যা ছাত্র-ছাত্রীকে অনলাইনে প্রদান করতে হবে। এছাড়াও প্রতি সেমেস্টারে ছাত্র-ছাত্রীদের বিশ্ববিদ্যালয় নির্ধারিত Examination fee প্রদান করতে হবে যা প্রতি সেমেস্টারে পরীক্ষার পূর্বে বিশ্ববিদ্যালয় জানিয়ে দেবে।

* 1st semester পরীক্ষার পর 2nd, 3rd, 4th, 5th, and 6th semester এ প্রত্যেক ছাত্র-ছাত্রীকে ভর্তি হতে হবে এবং enrolment করতে হবে।

* 2nd, 4th and 6th সেমেস্টারে অনার্স কোর্সে ভর্তির ফি ৮৫০ টাকা এবং পোগ্রাম কোর্সে ভর্তির ফি ৭০০ টাকা। এছাড়াও ছাত্র-ছাত্রীদের বিশ্ববিদ্যালয় নির্ধারিত Examination fee, enrolment fee, processing fee পরীক্ষার পূর্বে প্রদান করতে হবে যা প্রতি সেমেস্টারে পরীক্ষার পূর্বে বিশ্ববিদ্যালয় জানিয়ে দেবে।

* 3rd and 5th সেমেস্টারে অনার্স কোর্সে ভর্তির ফি ২২৫০ টাকা এবং পোগ্রাম কোর্সে ভর্তির ফি ১৯০০ টাকা। এছাড়াও ছাত্র-ছাত্রীদের বিশ্ববিদ্যালয় নির্ধারিত Examination fee, enrolment fee, processing fee পরীক্ষার পূর্বে প্রদান করতে হবে যা প্রতি সেমেস্টারে পরীক্ষার পূর্বে বিশ্ববিদ্যালয় জানিয়ে দেবে।

* ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীরা দুই বার অনার্সের বিষয় এবং দুই বার পোগ্রামের বিষয় পরিবর্তনের সুযোগ পাবে। কোন ছাত্র বা ছাত্রী সুযোগ পেয়েও যদি ভর্তি না হয় বা অনলাইন পেইমেন্ট না করে, তাহলে সে ঐ বিষয়ে আর সুযোগ পাবে না। পোগ্রামে ভর্তি হয়ে থাকা কোন ছাত্র বা ছাত্রী পরে অনার্সে সুযোগ পেলে শুধুমাত্র অতিরিক্ত ফি দিয়ে ভর্তি হতে পারবে।

* প্রথম বর্ষের অর্থাৎ ১ম সেমেস্টারে ২০২২-২৩ শিক্ষাবর্ষে যারা ভর্তি হবে তাদের ভর্তির সময় অনলাইনে ভর্তি ফী প্রদান করতে হবে। প্রতিটি মেরিট লিস্ট প্রকাশিত হবার পর ছাত্র-ছাত্রীরা ২দিন সময় পাবে ভর্তি ফী প্রদান করার জন্য। ভর্তির ফী সম্পূর্ণ ফেরত যোগ্য নয়। ভর্তি হওয়ার ১মাসের মধ্যে ফেরতের জন্য আবেদন করলে কলেজ তা বিবেচনা করবে এবং ভর্তি প্রক্রিয়া সম্পূর্ণ রূপে বন্ধ হওয়ার ৩ মাসের মধ্যে ১০০০ টাকা ফেরত দেবে। বাকি টাকা ফেরত যোগ্য নয়।

* প্রতিটি বিষয়ের (অনার্স ও পোগ্রাম) নির্দিষ্ট সিট www.ccmahavidyalaya.webnode.com— এই ওয়েব সাইটে পাওয়া যাবে।

* ফর্মফিল-আপের সময় প্রতিটি ছাত্র-ছাত্রীদের নিজস্ব ইমেল আই.ডি, ফোন নং, ওয়াটসঅ্যাপ নং অবশ্যই দিতে হবে। কারণ পরবর্তী তিন বছর এগুলির মাধ্যমেই যাবতীয় বিজ্ঞপ্তি পৌঁছাবে।

* ছাত্রীদের অতি অবশ্যই কন্যাশ্রী আই. ডি দিতে হবে।

* ক্লাস শুরু হওয়ার সময় মাধ্যমিক, উচ্চ-মাধ্যমিক পরীক্ষার যাবতীয় অরিজিনাল প্রমাণপত্র ও অন্যান্য (Admit card and Marksheets of MP and HS, Caste Certificate, Income certificate <48000, Voter and Adhar Card) এবং রেজিস্ট্রেশন ও ভর্তি ফি- এর অনলাইন পেইমেন্ট চালান প্রভৃতি ভেরিফিকেশন হবে। সেই সময় প্রতিটি প্রমাণপত্রের স্ব-প্রত্যয়িত (Self Attested) জেরক্স, দুই কপি পাশপোর্ট মাপের ফটো এবং অনলাইন ফর্মের প্রিন্ট-আউট মহাবিদ্যালয়ে জমা দিতে হবে। এক্ষেত্রে কোন রকম ত্রুটি প্রমাণিত হলে ভর্তি বাতিল হয়ে যাবে।